গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ)

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

রুপকল্প ২০২১ ও রুপকল্প ২০৪১-এর পরিপূর্ণ রুপায়ণের লক্ষ্যে পল্লী এলাকায় ঋণের সুষম প্রবাহ নিশ্চিতকরণে একটি অমুনাফামুখী স্ব-শাসিত সংস্থা হিসেবে প্রতিষ্ঠানটি অব্যাহতভাবে পল্লী উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও বৈষম্য নিরসনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।আয়-উৎসারি, বৃত্তিমূলক ও সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান এবং ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ, নারী উদ্যোক্তা ঋণ, ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্প বিকাশের জন্য প্রণোদনা ঋণ এবং কৃষি জীবিকায়ন ঋণ প্রদানের মাধ্যমে এ প্রতিষ্ঠান অন্তর্ভুক্তিমূলক গ্রামীণ অর্থায়নে নতুন মাত্রা যুক্ত করেছে।
দারিদ্র্যের মানচিত্র অনুযায়ী দারিদ্র্য-প্রবণ এলাকায় কর্মসূচি গ্রহণ এবং দরিদ্র জনগোষ্ঠিকে চিহ্নিতকরণের মাধ্যমে সুফলভোগী নির্বাচন, সক্ষমতা বৃদ্ধি এবং আয়ের পরিবৃদ্ধি ও কর্মসৃজনের সুনির্দিষ্ট লক্ষ্যে অর্থায়ন পিডিবিএফ-এর কর্মকৌশল। পিডিবিএফ ৮টি প্রশাসনিক বিভাগের ৫৫টি জেলার ৩৫৭টি উপজেলায় ৪০৩টি কার্যালয়ে ১২ লক্ষ ৯৫ হাজার সুবিধা বঞ্চিত সুফলভোগীকে আর্থিক সুবিধা বলয়ভুক্ত করেছে। বিগত ০৩ বছরে ৩ লক্ষ ৬৬ হাজার সুফলভোগী সদস্যকে উৎপাদনশীল উদ্যোগে সম্পৃক্ত করা হয়েছে। এ সময় ১০ লক্ষ ৮৩ হাজার সুফলভোগী সদস্যের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে ৫,৬৩৭ কোটি টাকা। এ সময় সেবামূল্যসহ আদায় হয়েছে ৬,০৪২ কোটি টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় হার ৯৮%। সদস্যদের বিগত ৩ বছরে জমাকৃত সঞ্চয়ের পরিমান ৩৮৮ কোটি টাকা। এ পর্যন্ত সদস্যদের সঞ্চয়-স্থিতি সাকূল্যে ১৪১৪ কোটি টাকা। পিডিবিএফ এ যাবৎ ১ লক্ষ ২৪ হাজার সুফলভোগীকে বিভিন্ন আয় উৎসারি কর্মকান্ডের মাধ্যমে স্বকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পিডিবিএফ বর্তমানে ৫৫টি জেলায় এর কার্যক্রম বাস্তবায়ন করছে। অবশিষ্ট ৯টি জেলার ১৩৫টি উপজেলায় এখনও পিডিবিএফ-এর দারিদ্র্য মুক্তি কার্যক্রমের আওতার বাইরে রয়েছে, অবশিষ্ট ৯টি জেলায় সম্প্রসারণ করা প্রয়োজন। পিডিবিএফ নিজস্ব আয় দ্বারাই প্রয়োজনীয় পরিচালন ব্যয় ও তহবিলের ব্যবহারজনিত ব্যয় নির্বাহ করে থাকে। সদস্যদের আয় উৎসারি কর্মকান্ড সম্প্রসারণের জন্য আর্থিক সহায়তা প্রদান ও সম্পদ সৃজনের লক্ষ্যে সরকার হতে অন্ততঃ ১০০০ কোটি টাকা ঋণ তহবিলের সংস্থান করা প্রয়োজন। এ লক্ষ্যে পিডিবিএফ-এর কার্যক্রম সম্প্রসারণ (২য় পর্যায়)" ও "ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে পরিবার উন্নয়ন" শীর্ষক দু'টি প্রকল্পের মাধ্যমে যথাক্রমে ৩২৭ কোটি এবং ৪৮৬ কোটি টাকা ঘূর্ণায়মান ঋণ তহবিল সংস্থানের প্রস্তাব করেছে। প্রধান কার্যালয়, অঞ্চল ও উপজেলা পর্যায়ে জমি বরাদ্দ ও অফিস ভবন নির্মাণ এবং আবাসিক সুবিধা সম্বলিত প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা প্রয়োজন। বর্ণিত তহবিলের সংস্থান এবং ভৌত অবকাঠামোসহ দেশব্যাপী কার্যক্রম সম্প্রসারণ এ ফাউন্ডেশনের ম্যান্ডেট, যা বাস্তবায়ন একটি দৃশ্যমান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ভবিষ্যতে পিডিবিএফ দেশের ৬৪টি জেলায় কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে আয় উৎসারি প্রশিক্ষণ ও ঋণ প্রদান, আয় বৃদ্ধি, কর্মসংস্থান, সঞ্চয়ের পরিবৃদ্ধি এবং নব সম্পদ সৃজনের প্রক্রিয়ায় গ্রামীণ দারিদ্র্য বিমোচনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। এ কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য পিডিবিএফ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ঋণ তহবিল সংগ্রহ, প্রয়োজনীয় জনবল সংগ্রহের উদ্যোগ গ্রহণ, পিডিবিএফ প্রধান কার্যালয় এবং আঞ্চলিক ও উপজেলা কার্যালয়ের জন্য জমির বরাদ্দ গ্রহণ/জমি ক্রয় ও ভবন নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। এছাড়া, পিডিবিএফ-এর কর্মীদের পেশাগত প্রশিক্ষণ এবং সুবিধাভোগী সদস্যদের বিভিন্ন উদ্বুদ্ধকরণ ও বিভিন্ন আয় উৎসারি কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৫০০টি সমিতি গঠন করা হবে;
- ১,৭১৮ কোটি টাকা ঋণ বিতরণ করা হবে;
- ৪,৬০০ জনকে আয় উৎসারি প্রশিক্ষণ এবং ৬,৭০০ জনকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ১,০২,০০০ জন মহিলা সদস্যকে আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত করা হবে;
- সুফলভোগীদের সঞ্চয়ের নীট পরিমান হবে ৩৫ কোটি টাকা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ)

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ...জুন... মাসের ...২৫... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

পল্লীর দরিদ্র ও অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং নারী-পুরুষ সমতার বিকাশের লক্ষ্যে আর্থিক পরিসেবা প্রসারণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে দরিদ্র ও সুবিধা বঞ্চিত গ্রামীণ নারী-পুরুষদেরকে সংগঠিত করে নিয়মিত সঞ্চয় সংগ্রহের মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন, ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে অর্থনৈতিক অবস্থার উন্নয়ন, সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণ, আয় উৎসারি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন, স্ব-কর্মসংস্থান সৃষ্টি এবং নারী-পুরুষের সমতায়ন, সক্ষমতা বৃদ্ধি ও নব সম্পদ সৃজন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান এবং আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি
২. সুফলভোগী সদস্যদের আর্থিক অন্তর্ভূক্তির লক্ষ্যে ঋণ সহায়তা প্রদান;
৩. পল্লীর সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির সদস্যদের সংহতি দলে অন্তর্ভূক্তি ও সমিতি সৃজন;
৪. সুফলভোগীদের সঞ্চয় আহরণ ও সঞ্চয়ের পরিবৃদ্ধির মাধ্যমে পুঁজি গঠন ও নব সম্পদ সৃজন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. দারিদ্রের মানচিত্র (Poverty Mapping) ও দারিদ্র্য নিরুপন (Poverty Tracking)-এর মাধ্যমে
২. সংহতি দল/সমিতি গঠনের মাধ্যমে সামাজিক বিনির্মাণ;
৩. সঞ্চয়ের পরিবৃদ্ধির মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন ও নব সম্পদ সৃজনের ক্ষেত্র রচনা;
৪. সদস্যদের ঋণ সহায়তা প্রদান ও বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি;
৫. পল্লী উন্নয়নে সংশ্লিষ্ট কর্মকর্তা, জন প্রতিনিধিদের/অংশীজনের প্রশিক্ষণ;
৬. পল্লী উন্নয়ন কার্যক্রমের উপর প্রধান কার্যালয় ও অঞ্চল পর্যায়ে সেমিনার ও কর্মশালা;
৭. কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন;
৮. সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রম বাস্তবায়ন ও আত্ম-কর্মসংস্থান;
৯. সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের তথ্যাদি ডাটাবেজ এ সন্নিবেশিতকরণ এবং হালনাগাদকরণ।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| পল্লীর সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির সদস্যদের সংহতি দলে অন্তর্ভুক্তির মাধ্যমে সুফলভোগীর সংখ্যা বৃদ্ধি | সদস্য অন্তর্ভূক্তকরণ (ক্রমপুঞ্জিত) (১.১.১) | জন (লক্ষ) | ১২.৬২ | ১৩.৬৭ | ১৪.৭৫ | ১৪.৮৫ | ১৪.৯০ | পিডিবিএফ | ফাউন্ডেশনের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক লক্ষ্যমাত্রা অগ্রগতি প্রতিবেদন |
| আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে সুফলভোগী নিয়োজন | আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক মোট সদস্যের বিপরীতে আত্ম-কর্মসংস্থানের হার (৪.৪.১) | হার (লক্ষ) | ৮৫.৫০% (১০.৭৯) | ৮৫.৪৪% (১১.৬৮) | ৮৫.৫০% (১২.৬১) | ৮৫.৫০% (১২.৬৯) | ৮৫.৫০% (১২.৭৩) | পিডিবিএফ | ফাউন্ডেশনের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক লক্ষ্যমাত্রা অগ্রগতি প্রতিবেদন |
| আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে নিয়োজনের মাধ্যমে নারীর ক্ষমতায়ন | নারীর সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়নের হার (মোট সদস্যের বিপরীতে) (৪.৪.২) | হার (লক্ষ) | ৯৫.৯৫% (১২.১১) | ৯৫.৯৭% (১৩.১২) | ৯৬.০০% (১৪.১৬) | ৯৬.০০% (১৪.২৫) | ৯৬.০০% (১৪.৩০) | পিডিবিএফ | ফাউন্ডেশনের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক লক্ষ্যমাত্রা অগ্রগতি প্রতিবেদন |
| দক্ষ মানব সম্পদ তৈরী | আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড ও সামাজিক উন্নয়নমূলক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারী সদস্য সংখ্যা (ক্রমপুঞ্জিত) (4.১.১, ৪.১.২) | জন (লক্ষ) | ৫.৫৬ | ৫.৬৭ | ৫.৭৮ | ৫.৭৮ | ৫.৭৯ | পিডিবিএফ | ফাউন্ডেশনের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক লক্ষ্যমাত্রা অগ্রগতি প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান এবং আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি | ৪১ | [১.১] সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রমবাস্তবায়ন ও আত্ম-কর্মসংস্থান | [১.১.১] আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৬ | ০.০৪ | ০.০৪৫ | ০.০৪৬ | ০.০৪৩ | | | | ০.০৪৭ | ০.০৪৮ |
| | | | [১.১.২] উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৬ | ০.০৬ | ০.০৬৫ | ০.০৬৭ | ০.০৬৫ | | | | ০.০৬৮ | ০.০৬৯ |
| | | [১.২] পল্লী উন্নয়নে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও জন প্রতিনিধিদের প্রশিক্ষণ | [১.২.১] স্থানীয় প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ২৭০০ | ২৭৫০ | ২৮০০ | ২৭৭০ | | | | ২৮২৫ | ২৮৫০ |
| | | | [১.২.২] সেমিনার, কর্মশালা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩২ | ৩২ | ৩৪ | ৩২ | | | | ৩৬ | ৩৮ |
| | | [১.৩] কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন | [১.৩.১] সক্ষমতা উন্নয়নে লার্নিং সেশন | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ৯ | ৮ | | | | ১০ | ১২ |
| | | | [১.৩.২] পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ট পুরুষ মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা | তারিখ | তারিখ | ২ | | | ২৬.০৬.২৪ | | | | | | |
| | | | [১.৩.৩] পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ট নারী মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা | তারিখ | তারিখ | ২ | | | ২৬.০৬.২৪ | | | | | | |
| | | [১.৪] সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রম বাস্তবায়ন, আত্ম-কর্মসংস্থান ও কার্যক্রম ডিজিটাইজেশন | [১.৪.১] আত্ম-কর্মসংস্থানের আওতায় সুফলভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৩ | ৫.০০ | ২.১০ | ২.১৫ | ২.১৩ | | | | ২.১৮ | ২.২০ |
| | | | [১.৪.২] আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে জড়িত গ্রামীণ মহিলাদের সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৩ | ০.৯৫ | ১.০০ | ১.০২ | ০.৯৮ | | | | ১.০৫ | ১.১০ |
| | | | [১.৪.৩] আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে জড়িত গ্রামীণ পুরুষের সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৩ | ০.০৭৮ | ০.০৮ | ০.৮২ | ০.০৮১ | | | | ০.০৮৩ | ০.০৮৪ |
| | | | [১.৪.৪] পুরাতন সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের হিসাব ডাটা বেইজে সন্নিবেশকৃত | ক্রমপুঞ্জিভূত | (%) | ২ | ০ | ০ | ৪০ | ৩০ | | | | ৫০ | ৬০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [১.৪.৫] নতুন সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের হিসাব ডাটা বেইজে সন্নিবেশকৃত | ক্রমপুঞ্জিভূত | (%) | ২ | ০ | ০ | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.৪.৬] উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ২ | ১ | ০ | | | | ২ | ২ |
| [২] সুফলভোগী সদস্যদের আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যে ঋণ সহায়তা প্রদান; | ১৬ | [২.১] সদস্যদের ঋণ সহায়তা প্রদান ও বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধিকৃত | [২.১.১] ঋণ বিতরণের পরিমাণ | সমষ্টি | টাকা (কোটি) | ৫ | ১৭০০.০০ | ১৭১২.০০ | ১৭১৮.০০ | ১৭১৬.০০ | | | | ১৭২২.০০ | ১৭২৪.০০ |
| | | | [২.১.২] ঋণ আদায়ের পরিমাণ | সমষ্টি | টাকা (কোটি) | ৪ | ১৭০০.০০ | ১৭১২.০০ | ১৭১৮.০০ | ১৭১৬.০০ | | | | ১৭২২.০০ | ১৭২৪.০০ |
| | | | [২.১.৩] বার্ষিক ঋণ আদায় হার (%) | ক্রমপুঞ্জিভূত | (%) | ৩ | ৯৫ | ৯৫ | ৯৭ | ৯৬ | | | | ৯৭ | ৯৭ |
| | | | [২.১.৪] খেলাপী ঋণের পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | টাকা (কোটি) | ২ | ২৮০.০০ | ২৭৫.০০ | ৩২০.০০ | ৩১০.০০ | | | | ৩২৫.০০ | ৩৩০.০০ |
| | | | [২.১.৫] ঋণ গ্রহীতার সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | ৩.১০ | ৩.১৫ | ৩.১৮ | ৩.১৭ | | | | ৩.২০ | ৩.২৫ |
| [৩] পল্লীর সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির সদস্যদের সংহতি দলে অন্তর্ভুক্তি ও সমিতি সৃজন; | ৮ | [৩.১] দারিদ্রের মানচিত্র (Poverty Mapping) ও দারিদ্র্য নিরুপন (Poverty Tracking) -এর মাধ্যমে সুফলভোগী নির্বাচন ও অন্তর্ভুক্তি | [৩.১.১] সদস্য অন্তর্ভুক্তকরণ | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৪ | ১.০০ | ১.০৫ | ১.০৮ | ১.০৭ | | | | ১.১০ | ১.১৫ |
| | | | [৩.১.২] অনানুষ্ঠানিক সমিতির সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬৩০ | ৬৪০ | ৫০০ | ৪৮০ | | | | ৫২৫ | ৫৫০ |
| [৪] সুফলভোগীদের সঞ্চয় আহরণ ও সঞ্চয়ের পরিবৃদ্ধির মাধ্যমে পুঁজি গঠন ও নব সম্পদ সৃজন; | ৫ | [৪.১] সঞ্চয়ের পরিবৃদ্ধির মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন ও নব সম্পদ সৃজনের ক্ষেত্র রচিত | [৪.১.১] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মুলধন | সমষ্টি | টাকা (কোটি) | ৫ | ২৫.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ৩৩.০০ | | | | ৩৭.০০ | ৪০.০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ), সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ)-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক<br>পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ) | ২৫/০৫/২০২৩<br>তারিখ |
| সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ২৫/০৫/২০২৩<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইজিএ | ইনকাম জেনারেটিং এ্যাক্টিভিটিজ |
| ২ | আরডিএ | রুরাল ডেভেলপমেন্ট একাডেমী |
| ৩ | এনআরডিটিসি | নোয়াখালী রুরাল ডেভেলেপমেন্ট ট্রেনিং সেন্টার |
| ৪ | এসআইপি | স্মল ইমপ্রুভমেন্ট প্রোজেক্ট |
| ৫ | ডাব্লিউটিআই | উইমেন ট্রেনিংইন্সটিটিউট |
| ৬ | পউসবি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ৭ | পিডিবিএফ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| ৮ | বার্ড | বাংলাদেশ একাডেমী ফর রুরাল ডেভেলপমেন্ট |
| ৯ | বিআরডিটিআই | বাংলাদেশ রুরাল ডেভেলেপমেন্ট ট্রেনিং ইন্সটিটিউট |
| ১০ | বিআরডিবি | বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রমবাস্তবায়ন ও আত্ম-কর্মসংস্থান | [১.১.১] আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর সংখ্যা | মানব সম্পদ উন্নয়ণ শাখা | আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ গ্রহনকারীর অঞ্চলভিত্তিক সংখ্যা, নমুনাভিত্তিক তালিকা, প্রশিক্ষনের হাজিরা ও ছবি |
| | [১.১.২] উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর সংখ্যা | মানব সম্পদ উন্নয়ন শাখা | উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারীর অঞ্চলভিত্তিক সংখ্যা, নমুনাভিত্তিক তালিকা, প্রশিক্ষণের হাজিরা ও ছবি |
| [১.২] পল্লী উন্নয়নে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও জন প্রতিনিধিদের প্রশিক্ষণ | [১.২.১] স্থানীয় প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণকারীর সংখ্যা | মানব সম্পদ উন্নয়ন | প্রশিক্ষণ গ্রহণকারীর অঞ্চলভিত্তিক সংখ্যা, নমুনাভিত্তিক তালিকা, প্রশিক্ষণের হাজিরা ও ছবি |
| | [১.২.২] সেমিনার, কর্মশালা আয়োজন | মানব সম্পদ উন্নয়ন | সেমিনার কর্মশালা সংক্রান্ত পত্র, বিষয়, অঞ্চলভিত্তিক তালিকা ও ছবি |
| [১.৩] কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন | [১.৩.১] সক্ষমতা উন্নয়নে লার্নিং সেশন | মানব সম্পদ উন্নয়ন | লার্নিং সেশন সংক্রান্ত পত্র, লার্নিং সেশন গ্রহণকারীর তালিকা, হাজিরা, ছবি ও ভিডিও ক্লিপ |
| | [১.৩.২] পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ট পুরুষ মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা | মাঠ পরিচালন বিভাগ | মাঠ পরিচালন বিভাগ থেকে সরবরাহকৃত প্রমাণক |
| | [১.৩.৩] পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ট নারী মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা | মাঠ পরিচালন বিভাগ | মাঠ পরিচালন বিভাগ থেকে সরবরাহকৃত প্রমাণক |
| [১.৪] সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রম বাস্তবায়ন, আত্ম-কর্মসংস্থান ও কার্যক্রম ডিজিটাইজেশন | [১.৪.১] আত্ম-কর্মসংস্থানের আওতায় সুফলভোগীর সংখ্যা | মাঠ পরিচালন বিভাগ | সদস্য অন্তর্ভূক্তি, ঋন বিতরণ এর তথ্য-উপাত্তের ভিত্তিতে, অঞ্চল পর্যায় হতে প্রাপ্ত এ সংক্রান্ত তথ্য |
| | [১.৪.২] আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে জড়িত গ্রামীণ মহিলাদের সংখ্যা | মাঠ পরিচালন বিভাগ | সদস্য অন্তর্ভূক্তি, ঋন বিতরণ এর তথ্য-উপাত্ত, আয় উৎসারি কর্মকান্ডের সাথে সম্পৃক্ততা সংক্রান্ত অঞ্চল হতে প্রাপ্ত প্রতিবেদন |
| | [১.৪.৩] আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে জড়িত গ্রামীণ পুরুষের সংখ্যা | মাঠ পরিচালন বিভাগ | পুরুষ সদস্য অন্তর্ভূক্তি, ঋন বিতরণ এর তথ্য-উপাত্ত, আয় উৎসারি কর্মকান্ডের সাথে সম্পৃক্ততা সংক্রান্ত অঞ্চল হতে প্রাপ্ত প্রতিবেদন |
| | [১.৪.৪] পুরাতন সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের হিসাব ডাটা বেইজে সন্নিবেশকৃত | মাঠ পরিচালন বিভাগ ও তথ্য প্রযুক্তি | পিডিবিএফ-এর সফটওয়্যার এর এমআইএস, জিএল, ট্রায়াল ব্যালেন্স প্রতিবেদন |
| [১.৪] সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রম বাস্তবায়ন, আত্ম-কর্মসংস্থান ও কার্যক্রম ডিজিটাইজেশন | [১.৪.৫] নতুন সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের হিসাব ডাটা বেইজে সন্নিবেশকৃত | মাঠ পরিচালন বিভাগ | ই-মেইল, ই-নথি ও গুগর ফরমেটে প্রাপ্ত তথ্য |
| | [১.৪.৬] উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা | নীতি ওপরিকল্পনা শাখা | পিডিবিএফ কর্তৃক প্রণীত উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (পিডিপি) |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.১] সদস্যদের ঋণ সহায়তা প্রদান ও বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধিকৃত | [২.১.১] ঋণ বিতরণের পরিমাণ. | মাঠ পরিচালন বিভাগ | ঋন বিতরণ সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন, পিএমআইএস রিপোর্ট, গুগল অনলাইন রিপোর্ট ইত্যাদি |
| | [২.১.২] ঋণ আদায়ের পরিমাণ | মাঠ পরিচালন বিভাগ | ঋন আদায় সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন, পিএমআইএস রিপোর্ট, গুগল অনলাইন রিপোর্ট ইত্যাদি |
| | [২.১.৩] বার্ষিক ঋণ আদায় হার (%) | মাঠ পরিচালন বিভাগ | ঋন আদায় হার সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন, পিএমআইএস রিপোর্ট ইত্যাদি |
| | [২.১.৪] খেলাপী ঋণের পরিমাণ | মাঠ পরিচালন বিভাগ | খেলাপী ঋন সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন, পিএমআইএস (সফটওয়্যার) রিপোর্ট , গুগল অনলাইন রিপোর্ট ইত্যাদি |
| | [২.১.৫] ঋণ গ্রহীতার সংখ্যা | মাঠ পরিচালন বিভাগ | ঋন গ্রহীতা সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন, পিএমআইএস রিপোর্ট ইত্যাদি |
| [৩.১] দারিদ্রের মানচিত্র (Poverty Mapping) ও দারিদ্র্য নিরুপন (Poverty Tracking) -এর মাধ্যমে সুফলভোগী নির্বাচন ও অন্তর্ভুক্তি | [৩.১.১] সদস্য অন্তর্ভূক্তকরণ | মাঠ পরিচালন বিভাগ | সুফলভোগী সদস্য সংক্রান্ত এমআইএস প্রতিবেদন ও অঞ্চল/উপজেলা ভিত্তিক সদস্যের নমুনা তালিকা |
| | [৩.১.২] অনানুষ্ঠানিক সমিতির সংখ্যা | মাঠ পরিচালন বিভাগ | অনানুষ্ঠানিক সমিতির সংখ্যা সম্বলিত এমআইএস প্রতিবেদন ও সমিতির নমুনা তালিকা |
| [৪.১] সঞ্চয়ের পরিবৃদ্ধির মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন ও নব সম্পদ সৃজনের ক্ষেত্র রচিত | [৪.১.১] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধন | মাঠ পরিচালন বিভাগ | সুফলভোগী সদস্যদের জমাকৃত ক্ষুদ্র সঞ্চয় সংক্রান্ত প্রতিবেদন, ট্রায়াল ব্যালেন্স |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রমবাস্তবায়ন ও আত্ম-কর্মসংস্থান | আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর সংখ্যা | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা | পিডিবিএফ- এর সুফলভোগী সদস্যদের বিভিন্ন আয় উৎসারি কর্মকান্ডের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনের জন্য উল্লিখিত সংস্থাসমূহে পত্র প্রেরণ, প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণ ও প্রশিক্ষক/ ভেন্যু প্রাপ্তিতে প্রয়োজনীয় সহায়তা গ্রহণ। |
| সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রম বাস্তবায়ন, আত্ম-কর্মসংস্থান ও কার্যক্রম ডিজিটাইজেশন | উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | বিভিন্ন উন্নয়ন প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন প্রতিবেদন মন্ত্রাণালয়ে দাখিল, মন্ত্রাণালয়ের নির্দেশনা অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ ও মন্ত্রাণলয়ের সার্বিক সহায়তা গ্রহণ |
| পল্লী উন্নয়নে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও জন প্রতিনিধিদের প্রশিক্ষণ | সেমিনার, কর্মশালা আয়োজন | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | পিডিবিএফ-এর কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য উল্লিখিত সংস্থাসমূহে পত্র প্রেরণ, প্রশিক্ষনার্থীর তালিকা প্রেরণ ও প্রশিক্ষক/ভেন্যু প্রাপ্তিতে প্রয়োজনীয় সহায়তা গ্রিহণ। |
| সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রমবাস্তবায়ন ও আত্ম-কর্মসংস্থান | উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর সংখ্যা | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | পিডিবিএফ- এর সুফলভোগী সদস্যদের বিভিন্ন আয় উৎসারি কর্মকান্ডের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনের জন্য উল্লিখিত সংস্থাসমূহে পত্র প্রেরণ, প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণ ও প্রশিক্ষক/ ভেন্যু প্রাপ্তিতে প্রয়োজনীয় সহায়তা গ্রহণ। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ